দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 3 APR 2003
পৃষ্ঠা ... ৭ ... ৩

বেসরকারী শিক্ষকদের অবসরভাতা কার্যকর হওয়া নিয়ে উদ্বেগ

রেজানুর রহমান ॥ প্রায় দুই মাস আগে বেসরকারী শিক্ষকদের দীর্ঘ দিনের কাঙ্ক্ষিত অবসর সুবিধা প্রদানের ঘোষণা দেয়া হলেও কোন নীতিমালায় শিক্ষকবৃন্দ অবসর সুবিধা পাবেন তা অদ্যাবধি চূড়ান্ত হয়নি। ফলে মাঠ পর্যায়ে শিক্ষক বিশেষ করে অবসর গ্রহণ করতে যাচ্ছেন যারা তাদের মধ্যে এক ধরনের হতাশা দেখা দিয়েছে। চলতি বছরের ২৪ জানুয়ারী বিয়ামে শিক্ষকদের এক অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বেসরকারী শিক্ষকদের অবসর সুবিধা প্রদানের আনুষ্ঠানিক ঘোষণা প্রদান করেন। প্রায় ৩ মাস পর অতি সম্প্রতি এ ব্যাপারে একটি কমিটি গঠন করা হয়েছে। শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক কমিটির আহ্বায়ক এবং বিশিষ্ট শিক্ষক নেতা মোহাম্মদপুর কেন্দ্রীয় কলেজের অধ্যক্ষ এম শরীফুল ইসলাম সদস্য সচিব হিসেবে কমিটি পরিচালনার দায়িত্ব পেয়েছেন।

একটি সূত্র জানায়, অবসর সুবিধা প্রদানের ঘোষণায় বেসরকারী শিক্ষকদের মধ্যে ব্যাপক প্রাণ চাঞ্চল্য শুরু হয়। প্রায় প্রতিদিনই ইত্তেফাকে টেলিফোন করে প্রত্যন্ত অঞ্চলের শিক্ষকবৃন্দ জানতে চান কবে থেকে অবসর সুবিধা প্রদানের ঘোষণা কার্যকর হবে। এ ব্যাপারে অবসর সুবিধা প্রদান সম্পর্কিত কমিটির একজন সদস্য জানান, বর্তমান সরকারের আবরিকতার কারণে বেসরকারী শিক্ষকরা অবসর সুবিধা পেতে যাচ্ছেন। কমিটিতে যথাশিগগির সম্ভব এ ব্যাপারে নীতিমালা তৈরীর পরামর্শ দেয়া হয়েছে। নাম প্রকাশে অনিচ্ছুক এই সদস্য জানান, সর্বনিম্ন ১০ বছর পর্যন্ত এক নাগাড়ে শিক্ষকতা করেছেন, এমন শিক্ষক অবসর সুবিধার দাবীদার হতে পারেন। প্রধানমন্ত্রীর ঘোষণা অনুযায়ী চলতি বছরের জানুয়ারী মাস থেকে অবসর সুবিধা কার্যকর হতে পারে। তিনি শিক্ষকদের উদ্বেগে বলেন, ধৈর্য হারাবেন না। মাস খানেকের মধ্যে অবসর সুবিধা প্রদানের প্রবিধান প্রণয়ন করা হবে।